

পরিবার সঞ্চয়পত্র

পরিবার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৯ খ্রিঃ)

মূল্যমানঃ ১০,০০০ টাকা; ২০,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

মেয়াদঃ ৫ (পাঁচ) বছর।

মুনাফা হারঃ

সঞ্চয় স্কিমের নাম	ক্রয় সীমা	মেয়াদ (উত্তীর্ণ হলে)	সকল সঞ্চয় স্কিমে ক্রমপঞ্জীভূত বিনিয়োগ					
			১ হতে ১৫ লক্ষ টাকা পর্যন্ত		১৫ লক্ষ ১ হতে ৩০ লক্ষ টাকা পর্যন্ত		৩০ লক্ষ ১ টাকা হতে তদূর্ধ্ব	
			মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)
পরিবার সঞ্চয়পত্র	একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকা।	১ম বছরান্তে	৯.৫০	মাসিক: ৭৯১.৬৬৬৭	৮.৬৬	মাসিক: ৭২১.৬৬৬৭	৭.৮৩	মাসিক: ৬৫২.৫
		২য় বছরান্তে	১০.০০	মাসিক: ৮৩৩.৩৩৩৩	৯.১১	মাসিক: ৭৫৯.১৬৬৭	৮.২৫	মাসিক: ৬৮৭.৫
		৩য় বছরান্তে	১০.৫০	মাসিক: ৮৭৫	৯.৫৭	মাসিক: ৭৯৭.৫	৮.৬৬	মাসিক: ৭২১.৬৬৬৭
		৪র্থ বছরান্তে	১১.০০	মাসিক: ৯১৬.৬৬৬৭	১০.০৩	মাসিক: ৮৩৫.৮৩৩৩	৯.০৭	মাসিক: ৭৫৫.৮৩৩৩
		৫ম বছরান্তে	১১.৫২	মাসিক: ৯৬০	১০.৫০	মাসিক: ৮৭৫	৯.৫০	মাসিক: ৭৯১.৬৬৬৭

*মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরোক্ত ছকে উল্লেখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

উৎসে করঃ ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

যারা ক্রয় করতে পারবেনঃ

- (ক) ১৮ (আঠার) ও তদূর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা,
- (খ) যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং
- (গ) ৬৫ (পঁয়ষট্টি) ও তদূর্ধ্ব যে কোন বাংলাদেশী (পুরুষ ও মহিলা) নাগরিক।

ক্রয়ের ঊর্ধ্বসীমাঃ একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকা।

অন্যান্য সুবিধাঃ

(ক) মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়।

(খ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়।

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই সঞ্চয়পত্র নগদায়ন করেটাকা উত্তোলন করতে পারেন অথবা পূর্ণ মেয়াদ পর্যন্ত যথারীতি মাসে মাসে মুনাফা উত্তোলন করতে পারেন।

বিঃদ্রঃ ৫ (পাঁচ) বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে সমন্বিতভাবে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা অথবা যুগ্ম নামে সর্বোচ্চ ১ কোটি টাকা বিনিয়োগ করা যাবে।